পশ্চিমবঙ্গ সরকার
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ
দক্ষিণ দিনাজপুর, বালুরঘাট

নং: L&LR /V-8 (Water Body)/17 Dated : Balurghat, 27th February'2017

বিজ্ঞপ্তি

এতদ্বারা দক্ষিণ দিনাজপুর জেলার অধিবাসীবৃন্দের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিম্ন তপশীল বর্নিত সরকারী খাস জলাভূমি আগামী বাংলা সন্ ১৪২৪, ১৪২৫,১৪২৬,১৪২৭,১৪২৮,১৪২৯ এবং ১৪৩০ বৎসরের (১লা বৈশাখ হইতে ৩১শে চৈত্র বৎসর ধরিয়া) জন্য বন্দোবস্ত (লিজ) দেওয়ার জন্য **স্থানীয় আগ্রহী কার্য্যকারী প্রাথমিক মৎস্য সমবায় সমিতি/ মৎস্য উৎপাদক গোষ্ঠী / স্বনির্ভর গোষ্ঠী যাহাদের যথোপযুক্ত আর্থিক সংগতি আছে** তাহাদের নিকট হইতে দরপত্র আহ্বান করা হইতেছে । এই ব্যাপারে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের কার্যালয়কক্ষে সিল্ড টেন্ডার বাক্সে আগামী **ইং ২৮/০২/১৭ তারিখ হইতে ০৯/০৩/১৭ পর্যন্ত** বেলা **১২.০০ টা থেকে** ৩.০০ টা পর্যন্ত দরপত্র বন্ধ খামে নিম্নোক্ত শর্তে জমা দিতে পারিবেন।

শর্তাবলী :

(১) অংশগ্রহনকারী সমিতি বা গোষ্ঠী, সরকার নির্ধারিত ধার্য দরের ২% (দুই শতাংশ) অগ্রিম দিয়া (ডিম্যান্ড ড্রাফটের মাধ্যমে) বন্দোবস্ত (লিজ) ডাকে অংশগ্রহন করিতে পারিবেন (সিল বন্ধ খামে)।অসফল দরপত্র প্রদানকারী সংস্থার ক্ষেত্রে প্রদেয় অগ্রিম ফেরতযোগ্য ।

(২) পূর্বের লিজ ডাকের সমুদয় অর্থ পরিশোধ না করিলে কোনো প্রাথমিক মৎস্য সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভর গোষ্ঠী বর্ত্তমান লিজ ডাকে অংশগ্রহন করিতে পারিবেন না।

(৩) লিজ ডাকে অংশ গহনের জন্য প্রাথমিক মৎস্য সমবায় সমিতি , মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভর গোষ্ঠীর ক্ষেত্রে স্থানীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক অথবা স্থানীয় পঞ্চায়েত সমিতির সভাপতির হইতে প্রাপ্ত শংসাপত্র এবং সংশ্লিষ্ট ব্লকের ফিশারী এক্সটেনশন অফিসারের নিকট প্রাপ্ত শংসাপত্র এবং ঐ শংসাপত্র মৎস্য বিভাগের অ্যাসিসটেন্ট ডাইরেক্টর দক্ষিণ দিনাজপুর জেলার দ্বারা প্রতিস্বাক্ষরিত করিয়া জমা করিতে হইবে ।

(৪) প্রাথমিক ভাবে লিজটি এক বৎসরের জন্য দেওয়া হইবে এবং ন্যূনতম মৎস্য উৎপাদন, জলা সংরক্ষণ ও সুষ্ঠ পরিচালন ব্যবস্থার সাপেক্ষে পরবর্তী বৎসর গুলিতে ক্রমান্বয়ে অতিরিক্ত পাঁচ শতাংশ (৫%) অর্থ আদায় দিয়া সর্বাধিক ৭ (সাত) বৎসর অবধি লিজ পুনঃনবীকরণ করা যাইবে ।

(৫) সিল বন্ধ খামে দরপত্র গ্রহনের সময় **২৮/০২/১৭ তারিখ হইতে** ০৯/০৩/১৭ **তারিখ** বেলা ১২টা থেকে ৩টা পর্যন্ত ।

(৬) জমা দেওয়া সমস্ত দরপত্র গুলি খোলা হবে কেবলমাত্র জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে ০৯/০৩/১৭ তারিখে ৩.৩০ এ।

(৭) ব্লাকলিষ্টেড সংস্থা অংশগ্রহন করিতে পারিবে না ।

(৮) **দরপত্রের সহিত ধার্যমুল্যের ২% অর্থ অগ্রিম জমা না দিলে উহা বাতিল বলিয়া গন্য হইবে ।**

(৯) **সফল / সর্ব্বোচ্চ দরপত্র প্রদানকারী সংস্থাকে প্রদেয় মোট অর্থমুল্যের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ তৎক্ষণাৎ জমা দিতে হইবে । এবং বাকী অর্থ** দখল দেবার তিন মাসের মধ্যে পরিশোধ করিতে হইবে ।

(১০) নির্দেশিত সময়ের মধ্যে গৃহীত দরপত্রের সমস্ত অর্থ জমা দিতে হইবে ।

(১১) ইজারা(লিজ) কৃত সম্পত্তি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত আবার অন্য কাউকে ইজারা (সাব-লিজ) দেওয়া যাইবে না।

(১২) দরপত্র গ্রহন ও বাতিলের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

(১৩) কোনও কারণ না দর্শাইয়া, যে কোনো দরপত্র গ্রহণ বা সমস্ত দরপত্র বাতিল করিবার ক্ষমতা উপযুক্ত কর্তৃপক্ষের থাকিবে।

(১৪) কোনো শর্ত লঙ্ঘিত হইলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হইতে পারে ।

(১৫) খামের উপর জলাশয়ের ও সংস্থাটির নাম স্পষ্টভাবে লিখিতে হইবে, সংশ্লিষ্ট টেন্ডার বাক্সে জমা করিতে হইবে । লিজ টেন্ডারে সীল বন্ধ দরপত্রগুলি জমা দেওয়ার স্থান কেবলমাত্র জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ , দক্ষিণ দিনাজপুর, বালুরঘাট ।

(১৬) দরপত্র খোলার সময়ে সংস্থার সর্বাধিক দুইজন প্রতিনিধি উপস্থিত থাকিতে পারে।

(১৭) ধারা ২৭৫ অনুযায়ী ৭ বছরের মেয়াদী লিজ দেওয়া হইবে।

বন্দোবস্ত (লিজ) দিবার সরকারী খাস জলাভূমির তালিকা ও বিবরণ

ক্রমিক সংখ্যা	ব্লক	জলাভূমির নাম	মৌজা	জে, এল, নং	দাগ নং	জলাভূমির আয়তন (একর)	রিজার্ভ প্রাইস	মোট ধার্যমুল্য
১	তপন	তপন দিঘী	তপন	৬৩	১৪১	৮৫.৩০	৫,৭৫,০০০.০০	

জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
দক্ষিণ দিনাজপুর, বালুরঘাট

Memo No.540 /1(27) /L&LR /V-8 (Water Body)/17 Dated : Balurghat, 27th February'2017

Copy forwarded for information and wide publicity to :-

1. The District Magistrate, Dakshin Dinajpur, Balurghat.
2. The Additional Executive Officer, Dakshin Dinajpur Zilla Parishad.
3. The P.D.D.R.D.C, Dakshin Dinajpur, Balurgat with a request to provide a list to recommend functional SHG group (grade one passed) with financial capability for participating in the tender process.
4. The D.I & C.O, Dakshin Dinajpur, Balurghat.
5. The DIO, NIC, D/Dinajpur, with a request to upload the matter in the Website.
6. The assistant Director of Fisheries, Dakshin Dinajpur with a request to provide a list of Functional Fisherman Co-Operative/ Fish Production Group with a certificate of financial capability. He is also requested to remain present at the time of opening of the tender (s)

7-8 The Sub-Divisional Officer, Balurghat. / Gangarampur at Buniadpur, Dakshin Dinajpur.

9. The Assistant Register of Co-Operative Societies, Dakshin Dinajpur, Balurghat with the request to remain present at the time of opening of the tender (s).

10-11 The Sub-Divisional Land & Land Reforms Officer, Balurghat/Gangarampur at Buniadpur, D/Dinajpur.

12-19 The Block Development Officer & Executive Officer, Balurghat/Hili/ Kumarganj Tapan/Gangarampur/ Banshihari/Kushmandi/Harirampur Block/Panchayat Samity, D/Dinajpur.He is request to circulate the Same among concerned Pradhan of G.P.s. & hang it on the notice board

20-27. The Block Land & Land Reforms Officer, Balurghat/Hili/Tapan/Gangarampur/Banshihari/ Kushmandi/Harirampur, Dakshin Dinajpur. He is requested to remain present at the time of opening Of the tender (s).

Additional District Magistrate &
District Land & Land Reforms Officer,
Dakshin Dinajpur, Balurghat.